যার যখন ইচ্ছা হবে সে তখন ভ্যাকসিন নেবে: হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব উল আলম হানিফ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলামকে উদ্দেশ্য করে বলেছেন, বিএনপি নির্মাণের দল হিসেবে জনগণের কাছে প্রতিষ্ঠিত হয়েছে। সরকারের দায়িত্ব হচ্ছে ভ্যাকসিন জনগণের পৌঁছে দেওয়া। যার যখন ইচ্ছা হবে সে তখন ভ্যাকসিন নেবে। দেশের প্রধানমন্ত্রীকে আগে ভ্যাকসিন নিতে হবে এই কথা বলা অত্যন্ত নিচু রাজনৈতিক মানসিকতার পরিচয় বহন করে, যেটা ফখরুল ইসলাম করে আসছেন।

রোববার বেলা ১১টায় কুষ্টিয়া সরকারি কলেজ আয়োজিত বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় টিকাদান সম্পর্কিত জনসচেতনতা সৃষ্টি ও কলেজের উন্নয়ন কার্যক্রম’ বিষয়ক মতবিনিময় সভায় যোগদানের পূর্বে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

এসময় তিনি বিএনপিকে তথাকথিত বিরোধী দল যারা জনবিচ্ছিন্ন সেই বিএনপি ও তার সহযোগীরা নানান সময়ে অপ্রাসঙ্গিক ও বিভ্রান্তিমূলক এবং অরুচিকর কথাবার্তা বলে আসছেন বলে মন্তব্য করেন।

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, দলীয় সিদ্ধান্তের বাইরে যারা নির্বাচনে অংশ নেবে বা দলীয় প্রার্থীর বিপক্ষে নির্বাচনে অংশ নেবে তাদের ভবিষ্যতে দলের মনোনয়ন পাওয়ার সুযোগ থাকবে না বলে উল্লেখ করেন।

সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর কাজী মনজুর কাদিরের সভাপতিত্বে মতবিনিময় সভায় জেলা আওয়ামী লীগ, ছাত্রলীগ নেতাকর্মী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় জমির সীমানা সরানোকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত-৬

কুষ্টিয়ার সদর উপজেলার ইবি থানার উজান গ্রামে চাচাতো ভাইয়ের জমির সীমানা সরানোকে কেন্দ্র করে চাচাতো ভাইয়ের পরিবারের ৬ জন গুরুতর আহত হয়। এলাকাবাসি সূত্রে জানা জায় গতকাল শনিবার সকাল ৮ টার দিকে জমির সীমানা সরিয়ে অন্য যায়গায় দেওয়ার কারণে আপন চাচাতো ভাইয়ের দুই পরিবারের মধ্যে এই সংঘর্ষ হয়।

মোঃ হোসেন আলীর ও ছেলে মোঃ রবিউল ইসলামসহ তার পরিবারের লোকজন লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে চাচাতো ভাইদের উপর চড়াও হয়ে এলোপাতারী ভাবে মারধর ও কুপাতে থাকে।

এ সময় চাচাতো ভাইয়ের একই পরিবারের ৬ জন আহত হয়। আহতরা হলেন মোকাদ্দেস আলীর ছেলে মোঃ মতিয়ার (৪৫), মোকাদ্দেস আলীর স্ত্রী মোছাঃ রুজিনা খাতুন (৪০), মতিয়ারের ছেলে ইসমাইল হোসেন (২০), ছের আলীর ছেলে নুরুল ইসলাম, ওমর আলীর ছেলে মুসা হক (২৫), ও আলমগীর হোসেন।

এলাকাবাসী আহতদের ঘটনাস্থান থেকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করেন। আহতদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা যায়।

খবর পেয়ে ইবি থানার পুলিশ ঘটনাস্থলে এসে সব কিছু নিয়ন্ত্রণে আনে। এ বিষয়ে ইবি থানায় মামলার প্রক্রিয়া চলছে।

বাঙালির হাজার বছরের

ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা

বৃহত্তর ফরিদপুর জেলা সমিতি কুষ্টিয়ার যুগপুর্তি উপলক্ষ্যে পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে।

গতকার শনিবার সন্ধ্যায় কুষ্টিয়া পৌরসভা অডিটোরিয়ামে এ পিঠা উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: আসলাম হোসেন।

এ সময় তিনি বলেন, বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা। যখনই পিঠা-পায়েস, পুলি কিংবা নাড়ুর কথা উঠে তখনি যেন শীত ঋতুটি আমাদের চোখে ও মনে ভেসে ওঠে। শহুরে জীবনে এ ধরণের পিঠা উৎসবের আয়োজন প্রতিনিয়ত করা উচিত। তবেই আমরা বাঙ্গালির ঐতিহ্য ধরে রাখতে পারবো।

তিনি আরও বলেন, বাঙালির চিরাচরিত ঐতিহ্য বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরতেই এই পিঠা উৎসবের আয়োজন। এটি সত্যিই আমাদের পুরোনো দিনের কথা মনে করিয়ে দেয়। হরেক রকমের পিঠার স্বাদ আমরা উপভোগ করছি। বৃহত্তর ফরিদপুর জেলা সমিতি এইপিঠা উৎসব করার জন্য ধন্যবাদ।

এ সময় কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফত, বৃহত্তর ফরিদপুর জেলা সমিতি কুষ্টিয়ার সভাপতি ও কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)) লুৎফুন্নাহার, সাধারণ সম্পাদক হয়েছেন সাংবাদিক আ.ফ.ম নুরুল কাদের, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ওবায়দুর রহমান, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দে, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জোবায়ের হোসেন চৌধুরী, ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নসোহেল মারুফসহ এই আয়োজনে উপস্থিত বৃহত্তর ফরিদপুর জেলা সমিতির সদস্যরা উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

তারা জানান, এই ধরণের আয়োজন খুব প্রয়োজন। বিশেষ করে এই শহরে হয়ত বাড়িতে বাড়িতে পিঠা তৈরি হয়, কিংবা রাস্তার মোড়ে ভাঁপা পিঠা তৈরি করা হয়। কিন্তু শহরে একযোগে ঐতিহ্য তুলে ধরার কাজটি হয়নি।

এই আয়োজন যেন নিয়মিত হয় এমন প্রত্যাশাও ব্যক্ত করেন অতিথিরা।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

পাপুল সরকারদলীয় নয়, স্বতন্ত্র সংসদ সদস্য : কুষ্টিয়ায় হানিফ

সংসদ সদস্য পাপুলের পদ্মা সেতুর দূর্নীতির বিষয়ে বিএনপির অভিযোগ প্রসঙ্গে আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব উল আলম হানিফ এমপি বলেছেন, পাপুল সরকারদলীয় নয়, স্বতন্ত্র সংসদ সদস্য। আর পাপুলের বিরুদ্ধে অর্থ আয়সহ যেসব দূর্নীতির অভিযোগ উঠছে সেইসব দূর্নীতিগুলো বিএনপির সময় হয়েছে।

যদি তার বিরুদ্ধে কোন দূর্ণীতির অভিযোগ থাকে তবে এর দায় বিএনপিকেই বহন করতে হবে। আর পদ্মা সেতুতে কোন দূর্ণীতি হয়নি এটা আর্ন্তজাতিক আদালতে প্রমাণিত। এটা বিএনপির কাল্পনিক অভিযোগ। এটা নিয়ে কথা বলার মাধ্যমেই প্রমান হয় এই কাল্পনিক অভিযোগের পেছনে বিএনপিরই মদদ ছিলো।

শনিবার দুপুর আড়াইটায় কুষ্টিয়ায় পিটিআই রোডে নিজ বাসভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

নির্বাচন নিয়ে হানিফ বলেন, পরিকল্পিতভাবে বিএনপি নির্বাচনে অংশই নেয় নির্বাচন কমিশন ব্যবস্থাকে বিতর্কিত করার জন্য। আর ভোটের সময় দেখা যায় তাদের কোন এজেন্ট থাকে না, ভোটার থাকেনা। আর প্রশাসনতো ভোটের সময় আইনশৃঙ্খলা রক্ষার জন্য নিরপেক্ষ একটা ভূমিকায় সক্রিয় থাকবে এটাই স্বাভাবিক। ভোটের নামে বিএনপির সন্ত্রাসীরা যদি নাশকতা করে তবে আইনশৃঙ্খলা বাহিনী ব্যবস্থা নেবেই। এতে তারা আওয়ামীলীগের লোকজনকেও ছাড় দেয়না।

এসময় স্থানীয় আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় মুখরিত পিঠা উৎসব: উচ্ছ্বাসে আগত দর্শনার্থীরা

বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা। যখনই পিঠা-পায়েস, পুলি কিংবা নাড়ুর কথা উঠে তখনি যেন শীত ঋতুটি আমাদের চোখে ও মনে ভেসে ওঠে। প্রতি শীতেই গ্রাম বাংলার ঘরে ঘরে শুরু হয় পিঠা পুলির উৎসব।

খাদ্যরসিক বাঙালি প্রাচীনকাল থেকে প্রধান খাদ্যের পরিপূরক মুখরোচক অনেক খাবার তৈরি করে আসছে। তবে পিঠা সর্বাধিক গুরুত্বের দাবিদার। শুধু খাবার হিসেবেই নয় বরং লোকজ ঐতিহ্য এবং নারীসমাজের শিল্প নৈপুণ্যের স্মারক রূপেও পিঠা বিবেচিত হয়।

তেমনি কুষ্টিয়া পৌরসভার বটতলায় তিনব্যাপী পিঠা উৎসবের আয়োজন করে কুষ্টিয়া নারী উদ্যোক্তা।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী এ পিঠা উৎসবের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, বাঙালির ঐতিহ্য প্রবাহেরই একটি অংশ হচ্ছে পিঠা। এ দেশের লোকসংস্কৃতিরও অংশ সবার প্রিয় এই খাদ্যটি। আর পিঠাশিল্পীদের বানানো প্রতিটি পিঠায় থাকে প্রাণের ছোঁয়া, মিশে থাকে আবেগ- এটি পৃথিবীতে বিরল।

তিনি বলেন, পিঠা উৎসবের মুলেই রয়েছে ঢেঁকি। অথচ এখনকার মানুষ এই ঢেঁকি সম্পর্কে জানেই না। ঢেঁকি যেন জাদুঘরে রাখা লাগবে আগামীতে। তাই কুষ্টিয়ার নারী উদ্যোক্তারা যেভাবে আজকের এই পিঠা উৎসবের আয়োজন করায় ধন্যবাদ জানাই। তবে বরিশালের মেয়েরা পিঠা তৈরীতে আরও বেশি পারদর্শী। প্রয়োজনে বরিশাল গিয়ে আমাদের মা-বোনদের পিঠা তৈরী করা শিখে আসতে পারে বলেও যোগ করেন তিনি।

তিনি বলেন, ঢাকায় পিঠাঘর রয়েছে। যেখানে হরেক রকমের পিঠা তৈরী করা হেয়ে থাকে। তাই কুষ্টিয়াতে এরকম একটা পিঠা ঘর তৈরী করা যায় কিনা তা ভেবে দেখতে আজকের এই নারী উদ্যোক্তাদের প্রতি উদাত্ত আহবান

জানান।

অনুষ্ঠানের সভাপতি নারী উদ্যোক্তা ও সফল ব্যবসায়ী মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনি তার বক্তব্যে বলেন, আমরা নারী।আমরাও পারি।হাজার বছরের সমৃদ্ধশালী সংস্কৃতির উত্তরাধিকারী আমরা। আমরা খাদ্যরসিক বাঙালি প্রাচীনকাল থেকে প্রধান খাদ্যের পরিপূরক মুখরোচক অনেক খাবার তৈরি করে আসছে। তবে পিঠা সর্বাধিক গুরুত্বের দাবিদার। শুধু খাবার হিসেবেই নয় বরং লোকজ ঐতিহ্য এবং নারীসমাজের শিল্প নৈপুণ্যের স্মারক রূপেও পিঠা বিবেচিত হয়। এদেশের নারী সমাজ লোকজ শিল্পকর্মে অত্যন্ত নিপুণ এবং সুদক্ষ।

সভাপতির বক্তব্যে তিনি আরও বলেন, বাঙালিরা চিরকালই অতিথি পরায়ণ। সামাজিক বন্ধনটিও শক্ত আমাদের।এই শহরে আমরা নারী উদ্যোক্তারা মিলে এই পিঠা উৎসবের আয়োজন করেছি এতে করে শহরের মানুষরা এখানে ছুটে আসবে। আনন্দ চিত্বে পিঠা উ’সবে অংশগ্রহণ করবে। পিঠা খাওয়ার পাশাাপশি আনন্দ করবে-সে আনন্দের ভাগ সবাই পাবে। এ জন্যই শীতে আমাদের এই আয়োজন।

অনষ্ঠানে সঙ্গীত শিল্পী ও শিক্ষক কোহিনুর খানম, নারীনেত্রী ও হাটশহরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম শম্পা মাহমুদ, আফরোজা আক্তার ডিউসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রাণের টানে ছুটে আসা সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মুখরিত হয়ে ওঠেছে উৎসবস্থল। শীতের পিঠা-পুলিসহ নানা বৈচিত্র্যময় পিঠার পসরা সাজিয়ে উৎসবে আগত দর্শনার্থীদের মনোযোগ কেড়েছে পিঠা উৎসবে অংশ নেয় স্টলগুলো। সেই পসরায় মুগ্ধ হয়ে স্টলে স্টলে পিঠা খেতে ভিড় জমিয়েছেন সকল বয়সের মানুষ।

তিন দিনব্যাপী এ উৎসবের অংশ হিসেবে প্রতিদিন সকাল থেকে রাত ৮টা পর্যন্ত পিঠা উৎসব চলবে। পাশাপাশি উৎসবস্থলের বটমুলে উন্মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হচ্ছে নাচ, গান, আবৃত্তিসহ নানা ধরনের সাংস্কৃতিক কার্যক্রম। এতে বিভিন্ন শিল্পীদের পাশাপাশি অংশ নিচ্ছেন সময়ের সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল শিল্পীরা।আগামী রবিবার শেষ হবে এ অনুষ্ঠান।

কুষ্টিয়ায় পৌঁছালো করোনা ভাইরাসের টিকা

খুলনা বিভাগের মধ্যে সর্বপ্রথম কুষ্টিয়া জেলায় করোনা ভাইরাসের টিকা (ভ্যাকসিন) এসে পৌঁছিয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৬টায় গাড়ি থেকে করোনা ভাইরাসের টিকা (ভ্যাকসিন) কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ে এসে পৌঁছায়।

এ সময় সেখানে কুষ্টিয়া সিভিল সার্জন এইচ এম আনোয়ারুল ইসলাম ভ্যাকসিনগুলো বুঝে নেন। পরে ভ্যাকসিনগুলো সিভিল সার্জন কার্যালয়ে ভ্যাকসিন সংরক্ষণাগারের ফ্রিজে রাখা হয়।

সূত্র জানায়, আগামী ৭ ফেব্রুয়ারির পর কুষ্টিয়া জেলায় টিকা দেওয়ার কার্যক্রম শুরু হতে পারে। সিভিল সার্জন এইচ এম আনোয়ারুল ইসলাম জানান, ‘খুলনা বিভাগে প্রথম জেলা হিসেবে কুষ্টিয়া জেলা টিকা গ্রহণ করল। প্রথম চালানে যে টিকা পাওয়া গেছে তাতে ৩০ হাজার মানুষকে দেওয়া যাবে। একই দিন মেহেরপুরসহ আরও পাঁচটি জেলায় এই টিকা পৌঁছে দেওয়া হচ্ছে’।

সিভিল সার্জন কার্যালয় সূত্রে জানা যায়, এসব টিকা সংরক্ষণের জন্য সিভিল সার্জন কার্যালয়ে আগে থেকেই পাঁচটি ফ্রিজ প্রস্তুত রাখা ছিল। উপজেলা পর্যায়েও এরকম ফ্রিজ প্রস্তুত রাখা আছে।

প্রথম চালানে গতকার শুক্রবার ভোরে পাঁচটি কার্টুন পাওয়া গেছে। প্রতিটি কার্টুনে এক হাজার ২০০ ভায়েল (শিশি) টিকা রয়েছে। প্রতিটি কার্টুনে ১২ হাজার ডোজ টিকা আছে। এই টিকা ৩০ হাজার মানুষকে দেওয়া যাবে।

টিকা দেওয়ার জন্য স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। স্থানীয় পর্যায়ে স্বেচ্ছাসেবকদেরকেও প্রশিক্ষণ প্রদান করা হবে। কুষ্টিয়া জেনারেল হাসপাতাল, পুলিশ লাইনস হাসপাতালসহ জেলার পাঁচটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা দেওয়ার স্থান নির্ধারণ করা হয়েছে।

সিভিল সার্জন এইচ এম আনোয়ারুল ইসলাম জানান, জেলায় করোনার টিকা সংরক্ষণ, ব্যবস্থাপনা, টিকা পাবেন এমন ব্যক্তিদের তালিকা

প্রণয়নসহ যাবতীয় কার্যক্রম শেষ পর্যায়ে।

জেলা ও উপজেলা পর্যায়ে টিকা ব্যবস্থাপনা কমিটি গঠন করে এসব কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে ইউএনওদের প্রধান করে এই কমিটি গঠন করা হয়েছে। স্থানীয় সংসদ সদস্যদের কমিটিতে উপদেষ্টা করা হয়েছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুটি, জেলা হাসপাতালে চারটি বুথ স্থাপন করা হবে।

জেলা স্বাস্থ্য বিভাগের প্রদত্ত তথ্য মতে, কুষ্টিয়া জেলায় এখন পর্যন্ত করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা তিন হাজার ৮৫৯ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন তিন হাজার ৭৩৬ জন। আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন ৮৬ জন।

কুষ্টিয়ার নয়া ডিসি মোহাম্মদ সাইদুল ইসলাম

কুষ্টিয়ার নতুন জেলা প্রশাসক (ডিসি) হিসেবে নিয়োগ পেয়েছেন স্ট্রেনদেনিং পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম সার্ভিস ডেলিভারির প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর মোহাম্মদ সাইদুল ইসলাম।

বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এই নিয়োগ দিয়ে আদেশ জারি করা হয়েছে।

এদিকে বর্তমান ডিসি মো.আসলাম হোসেনকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপ-সচিব হিসেবে বদলি করা হয়েছে।

এছাড়া মাঠ প্রশাসনে রদবদলে দেশের ৯ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। জেলা গুলো হলো, কুমিল্লা, ময়মনসিংহ, দিনাজপুর, কুষ্টিয়া, হবিগঞ্জ, রাঙামাটি, জামালপুর ও ভোলা।

কুষ্টিয়ায় শীতার্তদের মাঝে ইয়ুথ পাওয়ার কমিউনিটির শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। “মানবতার জিৎ,,,হার মানবে শীত” এ প্রতিপাদ্যকে সামনে রেখে গতকাল শহরের স্বপ্ন প্রয়াস সংগঠনের কার্যালয়ে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

ইয়ুথ পাওয়ার কমিউনিটি “একটু উষ্ণ করি” প্রকল্পের আওতায় প্রায় শতাধিক শীতার্তদের মধ্যে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়্যারম্যান প্রফেসর ড. মাহবুবুল আরিফিন।

শীতার্তদের পাশে উষ্ণতার পরশ বুলিয়ে দিয়ে এই সামাজিক কর্মকান্ডকে বেগবান করতে শিশু সংগঠকদের ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, ভালো কাজ করলেই প্রশংসা পাওয়া যায়। সমাজের উন্নয়নের জন্য কাজ করতে হবে। ছেলেবেলায় থেকে যারা ভালো কাজে অংশগ্রহণ করে তারা জীবনে অনেক দূর যেতে পারবে। মানবকল্যাণের জন্য নিজেকে বিলিয়ে দিতে হবে।

আর এজন্য এখন থেকেই ছোট ছোট ভাল কাজের সাথে সম্পৃক্ত রেখে উজ্জীবিত হয়ে সাংগঠনিকভাবে নেতৃত্ব দিতে হবে। কেননা সংগঠনের কোন বিকল্প নেই। ছোটবেলায় যারা সাংগঠনিকভাবে ভাল কাজের সাথে বেড়ে ওঠে তারা শেষ পর্যন্ত ভাল কাজের সাথে নিজেকে সম্পৃক্ত করে রাখে। ভালো কাজের সাথে সম্পৃক্ত থাকলে বড় হয়েও ভালো কাজ করা সম্ভব বলেও উল্লেখ করেন তিনি।

সম্মানিত প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন সম্মিলিত সামাজিক জোটের সভাপতি চেয়ারম্যান ও কুষ্টিয়া থেকে প্রকাশিত দৈনিক কুষ্টিয়া সম্পাদক ও প্রকাশক এবং ডেইলি স্টারের স্টাফ রিপোর্টার ড. আমানুর আমান।

তরুণরাই ভালো কিছু সৃষ্টি করতে পারে উল্লেখ করে ড. আমানুর আমান বলেন, তরুণরাই আগামীতে নেতৃত্ব দেবে। বলিষ্ঠ ভুমিকা পালন করবে। তাই সমাজের অনেক ভালো কাজ এই সংগঠনের মাধ্যমেই সৃষ্টি হয়। তাই এখন থেকেই ভাল কাজের সাথে তোমরা যারা সম্পৃক্ত হয়েছে তাদের কে ধন্যবাদ জানাই।

দেশ ও জাতিকে সাংগঠনিকভাবে এগিয়ে নিতে তোমাদের এমন মহত কাজ অগ্রগামী ভূমিকা পালন করবে।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইকোনমিক কুষ্টিয়ার চেয়ারম্যান সাংবাদিক এসএম জামাল, বাংলাদেশ ফেইসবুক ফ্রেন্ডস ক্লাবের সাধারণ সম্পাদক বিপুল হোসেন,স্বপ্ন প্রয়াসের সভাপতি সাদিক হাসান রহিদ, সিনিয়র সদস্য আকাশ আহমেদ, ইয়ুথ পাওয়ার কমিউনিটির সভাপতি মারজান জামান রাহি, সহ-সভাপতি শাহরিয়ার নাফিজ,সাধারণ সম্পাদক ফয়সাল আরিফিন জারিফ, যুগ্মসাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল, সংগঠনের উপদেষ্টা আসিফ মর্তবা, সদস্য আহাদ, বিপ্লব,মুবিন, জিতু, জয়া, জ্যোতি, প্রিয়া, নাজমুস সাকিব, নাফিজ, নেহা সহ সংগঠনের সকল সদস্যবৃন্দ।

মরুভূমির সবজি ‘স্কোয়াশ’ এখন চাষ হচ্ছে কুষ্টিয়ার মিরপুরে

মরুভূমির সবজি ‘স্কোয়াশ’ এখন চাষ হচ্ছে কুষ্টিয়ার মিরপুরে। ইউটিউবে দেখে দেড় বিঘা জমিতে বিদেশি সবজি স্কোয়াশ চাষ শুরু করেছিলেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার হাসানুল ইসলাম নামের এক যুবক।

তার নিজের দেড় বিঘা জমিতে আড়াই হাজারের মতো স্কোয়াশ গাছ রোপণ করেছিলেন। ফলনও বেশ ভালো হয়েছে। প্রতিটি গাছেই ৪-৫টা করে স্কোয়াশের ফলন ধরেছে। তবে নতুন সবজি হিসেবে স্কোয়াশের কদরও রয়েছে। আবহাওয়া ভালো হওয়ায় সবজির উৎপাদনও বেশ ভালো হয়েছে।

তিনি বলেন, স্কোয়াশ খুবই দ্রুত সময়ের ফসল। বীজ রোপণের ৫৫ দিনেই ফল পেয়েছি। জমি বর্গা, সেচ, জমি প্রস্তুতি, লেবার সবকিছু মিলিয়ে

মোট ৩০ হাজার টাকার মতো খরচ হয়েছে। ভালো দাম হলে প্রায় ৭০-৮০ হাজার টাকার মতো বিক্রি হতো।

তিনি বলেন, স্কোয়াশে রোগবালাই কম, আবহাওয়াও বেশ ভালো ছিলো। দাম ভালো হলে স্কোয়াশ চাষ খুবই লাভজনক হতো। বাজারে অন্য সবজির আমদানি বেড়ে যাওয়ায় বাজারে স্কোয়াশের দাম কমেছে। এ কারণে চাষিদের কিছু লোকসান হতে পারে।

এ উপজেলায় প্রথমবারের মতো স্কোয়াশ চাষ করে কৃষক তৈয়ব আলী। তিনি জানান, স্কোয়াশ খুব ভালো হয়েছে। প্রতিটি গাছে ফুল ও ফল বেশ ভালো। আমাদের এলাকায় এটা একেবারেই নতুন। বাজারে এবার সব ধরনের সবজির দাম কম হওয়ার কারণে স্কোয়াশেরও দাম কম। তাই লোকসান হচ্ছে।

তার মতো আরও কিছু কৃষকরা জানান- এমনিতেই নতুন এই সবজিটির সঙ্গে গ্রামের মানুষের তেমন পরিচয় নেই, আবার বেশি উৎপাদন হওয়ায় বাজারেও ভালো দাম পাওয়া যাচ্ছে না।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিস সূত্রে জানা যায়, মিরপুর উপজেলার কয়েকজন তরুণ উদ্যোক্তা প্রায় ৫ একর জমিতে পরীক্ষামূলক ভাবে স্কোয়াশের চাষ করেছেন। তাদের সার্বক্ষণিক পরামর্শ দেওয়া হয়েছে। এবছর আবহাওয়া সবজি চাষের অনুকূল হওয়ায় সব ধরনের সবজির উৎপাদনই বেড়েছে।

মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, স্কোয়াশ একটি বিদেশি সবজি। তবে আমাদের অঞ্চলের আবহাওয়া স্কোয়াশ চাষের উপযোগী। আমরা এই নতুন সবজি চাষ সম্প্রসারণের চেষ্টা করছি।

স্কোয়াশ সবজি হিসেবে সুস্বাদু এবং পুষ্টিসমৃদ্ধ। গতবছর মিরপুর উপজেলার কয়েকজন কৃষক পরীক্ষামূলকভাবে স্কোয়াশ চাষ করেছিলেন। তারা বেশ ভালো সাফল্য পেয়েছিলেন।

দেড় মাসেও সংস্কার হয়নি বাঘা যতীনের ভাস্কর্য

কুষ্টিয়ার কুমারখালীর কয়া ইউনিয়নে কয়া মহাবিদ্যালয়ের সামনে নির্মিত বৃটিশ বিরোধী আন্দোলনের অগ্রনায়ক বিপ্লবী বীর বাঘা যতীনের ভাস্কর্য দুর্বৃত্তদের দ্বারা ভাঙচুরের এক মাস ১২ দিন অতিবাহিত হলেও এখনো পর্যন্ত ভাস্কর্যটি সংস্কার করা হয়নি। সংস্কারে বাধা আছে বলে জানালেন কলেজ কর্তৃপক্ষ।

কয়া মহাবিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি অ্যাডভোকেট নিজামুল হক চুন্নু জানান, ভাস্কর্য সংস্কারের বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমানের সাথে আলাপ করা হলে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এবং আদালতের অনুমতি ব্যতিত ভাস্কর্য সংস্কার করা যাবে না বলে জানিয়েছেন। যে কারণে এখনো পর্যন্ত সংস্কার করা সম্ভব হয়নি।

এ বিষয়ে কুমারখালী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় জড়িতদের গ্রেফতার পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে। বর্তমানে তারা আটক রয়েছেন। মামলা চলমান আদালতের অনুমতি সাপেক্ষে ভাস্কর্য সংস্কার করতে হবে।

কলেজ কর্তৃপক্ষ সংস্কারের জন্য মামলার তদন্তকারী কর্মকর্তা বরাবর দরখাস্ত দিলে আমরা আদালতের অনুমতি নেওয়ার চেষ্টা করবো।

কুমারখালী উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান জানান, কলেজ কর্তৃপক্ষ ভাস্কর্যটি সংস্কারের জন্য থানায় আবেদন করলে আবেদনের প্রেক্ষিতে আদালতের অনুমতি সাপেক্ষে উপজেলা প্রশাসনের অর্থায়নে ভাস্কর্যটি সংস্কার করা হবে।

উল্লেখ্য, গত ১৭ ডিসেম্বর দিবাগত রাত সাড়ে ১২টার দিকে দুর্বৃত্তরা বিপ্লবী বীর বাঘা যতীনের ভাস্কর্যটি ভাঙচুর করে। এবং ১৯ ডিসেম্বর ভাস্কর্য ভাঙার মুলপরিকল্পনাকারী কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি সহ তিনজনকে গ্রেফতার করে পুলিশ।